

## মাভাবিপ্রবিতে ভর্তি পরীক্ষার রেজিস্ট্রেশন শুরু

টান্কাইল প্রতিনিধি

২২ সেপ্টেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ২২ সেপ্টেম্বর ২০১৯ ০০:১২



মাভাবিপ্রবি  
আমাদের সময়

টান্কাইলে মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (মাভাবিপ্রবি) ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষার আবেদন রেজিস্ট্রেশন কার্যক্রম শুরু হয়েছে। গতকাল শনিবার কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ভারুয়াল ক্লাস রুমে কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মো. আলাউদ্দিন।

একজন ছেলে এবং একজন মেয়ে শিক্ষার্থীর ভর্তির আবেদন রেজিস্ট্রেশন করার মাধ্যমে কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। এ সময় বিভিন্ন অনুষদের ডিন, চেয়ারম্যান প্রমুখ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, ২২ নভেম্বর এ ও বি ইউনিট এবং ২৩ নভেম্বর সি ও ডি ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। আবেদনের শেষ তারিখ ৩১ অক্টোবর।